# রংপুর সিটি কর্পোরেশন
## সাধারণ শাখা
www.rpcc.gov.bd

**রংপুর সিটি কর্পোরেশনের সেপ্টেম্বর / ২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ শহিদুল ইসলাম এনডিসি
প্রশাসক
রংপুর সিটি কর্পোরেশন।

সভার তারিখ ও সময় : ০৮.০৯.২০২৫ইং সোমবার, বেলা : ০৩:০০টা
সভার স্থান : রংপুর সিটি কর্পোরেশন সভা কক্ষ
উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য তিনি প্রধান নির্বাহী কর্মকর্তাকে বলেন। এর পরিপ্রেক্ষিতে সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র/ নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | গত মাসিক সভার সিদ্ধান্ত পঠন ও অনুমোদনকরণ। | প্রধান নির্বাহী কর্মকর্তা গত মাসিক সভার কার্যবিবরণীর উপর কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী প্রস্তাব না থাকলে তা দৃঢ়ীকরণ করার বিষয়ে মতামত প্রদানের অনুরোধ জানান। সভায় উপস্থিত সকলে কার্যবিবরনী দৃঢ়ীকরণের বিষয়ে একমত পোষণ করেন। | গত ০৭/০৮/২০২৫ইং মাসিক সভার কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদন করা হয়। | প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ) |
| ২ | জনাব মোঃ লিটন পারভেজ, আহবায়ক, জুলাই রাজবন্দী রংপুর জেলা এর আবেদনের প্রেক্ষিতে জুলাই ছাত্র/ জনতা অভ্যুত্থানের নির্যাতিত রাজবন্দীদের বড় অটোরিকশা লাইসেন্স প্রদানের আবেদন প্রসঙ্গে আলোচনা। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা জানান যে, জুলাই নির্যাতিত রাজবন্দির অটোরিক্সা লাইসেন্সের জন্য আবেদন পাওয়া গেছে। এ বিষয়ে প্রশাসক মহোদয় সঠিকভাবে কাগজপত্র তদন্তপূর্বক জুলাই রাজবন্দি ছিল কি না তা যাচাই করার নির্দেশনা প্রদান করেন। | জুলাই রাজবন্দিদের বিষয়টি যাচাই করতে হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ৩ | শারদীয় দূর্গাপুজা উদযাপন প্রস্তুতি উপলক্ষে আলোচনা। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা আসন্ন দুর্গাপূজা উদযাপন উপলক্ষে প্রুস্তুতিমূলক সভার বিষয়ে উপস্থাপন করেন। এ বিষয়ে প্রশাসক মহোদয় পূর্বের ন্যায় দুর্গাপূজা উদযাপনের নির্দেশনা প্রদান করেন। | আসন্ন শারদীয় দুর্গাপূজা যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে গত বছরের ন্যায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ) |
| ৪ | বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি, নতুন প্রকল্প গ্রহণ ও প্রাক্কলন অনুমোদন সংক্রান্ত আলোচনা। | সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা:) রংপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত উপস্থাপন করেন। ক) (১) তিনি জানান যে, ৯৫.৬৪ কোটি টাকা বয়ে এলজিসিআরআরপি প্রকল্পের আওতায় ২৯টি প্যাকেজের মধ্যে ১৬টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে এবং ১৩টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। যার গড় ভৌত অগ্রগতি ৮৩%। (২) এলআইইউপিসিপি প্রকল্পের আওতায় ১৯.৭৬ কোটি টাকা ব্যয়ে ২টি প্যাকেজে ৪টি ও ০৬ তলার ভবনের কাজ চলমান রয়েছে। যার গড় ভৌত অগ্রগতি ৬৪.০০%। (৩) উন্নয়ণ সহায়তা তহবিল ও নিজস্ব তহবিলের আওতায় ৩৭ কোটি টাকা ব্যয়ে ৪টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। যার গড় অগ্রগতি ৫০%। খ) বিশেষ বরাদ্দ ও সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থ দ্বারা বাস্তবায়নের নিমিত্তে ০৪টি প্যাকেজের | উন্নয়নমূলক কাজ সঠিকভাবে ও নির্দিষ্ট সময়ে বাস্তবায়ন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ১২টি স্কীমের কাজ RFQ এর মাধ্যমের বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা:) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | দরপত্র আহ্বান পূর্বক দরপত্র মূল্যায়নের কাজ সমাপ্ত হয়েছে। তিনি অতীব প্রয়োজনীয় কিছু স্কীমের প্রাক্কলন সভায় উপস্থাপন করেন।<br>১. উত্তর বাবুখা আবুর মোড় আজিজার রহমান উকিলের বাড়ীর গলির রাস্তা নির্মাণ = ৭৮১৫০৮.০০<br>২. রাধাবল্লভস্থ পানি অফিসের স্টোর মেরামত = ১৫৪৫৬৫.০০<br>৩. মহব্বতখাঁ হাইস্কুল হতে সিএমবি'র বাড়ীর রোড পর্যন্ত আরসিসি পাইপ কালভার্ট নির্মাণ = ৬৯৪৬০.০০<br>৪. সিটি বাজার গোস্তপট্টির (উত্তর-পশ্চিম) ছাদের ধ্বসে পড়া অংশে স্লাব নির্মাণ = ৮২৫৮৪.০০<br>৫. বাংলাদেশের সাবেক প্রেসিডেন্ট ও জেনারেল মরহুম হুসাইন মোহাম্মদ এরশাদ এর বসতবাড়ীর সামনে ক্রস ড্রেন নির্মাণ= ৩০৫৯৬৯.০০<br>৬. রংপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন রাস্তা মেরামত কাজের জন্য বিটুমিনাস (ইট, বালু ও জ্বালানী খড়ি) মালামাল ক্রয়= ৪৯৯৬৬৪.০০<br>৭. রংপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন রাস্তা মেরামত কাজের জন্য বিটুমিনাস (পাথর, রড ও সিমেন্ট) মালামাল ক্রয় = ৪৯৮৫০৮.০০<br>৮. শহীদ আবু সাঈদ মেমোরিয়াল হাসপাতাল সীমানা প্রাচীর ও পাইপ ড্রেন নির্মাণ=৭২২৩৪৭.০০<br>৯. চওড়ার হাট বাজারে ড্রেন ও টপ স্লাব নির্মাণ = ৩৬০০৯.০০<br>১০. পূর্ব অভিরাম কেল্লাবন্দ কাচারী হতে ডাঃপাড়া রাস্তার ( কেল্লাবন্দ কাচারীর নিকট ) কালভার্ট এর টপ ছাদ মেরামত= ১১৩৯১৩.০০<br>১১. সাতগাড়া ডাঃপাড়া তরুনের বাড়ী হতে প্রশান্ত এর বাড়ী পর্যন্ত আরসিসি রাস্তা ও ড্রেন নির্মাণ = ৯৯০৩৬০.০০<br>১২. পূর্ব খাসবাগ উচা ব্রীজ সংলগ্ন রাস্তা ও জিএল রায় রাস্তার বিপরীতে এস এস ট্রেডার্স এর সামনে সাব বেইজ দ্বারা রাস্তা মেরামত = ২২৬০৭৬.০০ | | |
| ৫ | বিবিধ –<br>(ক) নাছনিয়া মৌজার জে, এল নং-৮৮, সি,এস খতিয়ান নং-৮৯, দাগ নং-২৪১, জমির পরিমান ২.৩৪০০ একর জমি আব্দুল মতিন মিয়ার নামে হওয়ায় তা বাতিলকরণ। | সভায় প্রধান সম্পত্তি কর্মকর্তা উপস্থাপন করেন জেলা প্রশাসক কর্তৃক প্রেরিত পত্র মোতাবেক শ্যামাসুন্দরী ক্যানেলের নাছনিয়া মৌজার জে, এল নং-৮৮, সি,এস খতিয়ান নং-৮৯, দাগ নং-২৪১, জমির পরিমান ২.৩৪০০ একর জমি যা সিএস রেকর্ডে রংপুর মিউনিসিপ্যালিটী নামে অন্তর্ভূক্ত ছিল। উক্ত ২.৩৪০০ একর জমি হতে আব্দুল মতিন মিয়া পিতা ইসমাইল হোসেনকে ২৩/৪/১৯৫৬ ইং তারিখে পাট্টা ও দাখিলা মূলে তৎকালীন রংপুর পৌরসভা চেয়ারম্যান মহোদয় লীজ প্রদান করেছিলেন। উক্ত দাখিলামূলে ০.৩৫০০ একর জমি আব্দুল মতিন মিয়া তার নিজ নামে এস, এ এবং আর,এস রোর্ডভূক্ত করে নেন। অবশিষ্ট ১.৯৯০০ একর জমি রংপুর পৌরসভার নামে রেকর্ডভূক্ত হয়েছে। উল্লেখিত জমি খাল হওয়ায় খাল খনন ও পানি | আব্দুল মতিনের নামে জে, এল নং-৮৮, সি,এস খতিয়ান নং-৮৯, দাগ নং-২৪১, জমির পরিমান ২.৩৪০০ একর জমি লীজ বাতিলসহ রেকর্ড সংশোধনের মামলা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান সম্পত্তি কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নিষ্কাশনের জন্য লীজকৃত ব্যক্তি আব্দুল মতিন মিয়ার নামের জমির লীজ বাতিল করা প্রয়োজন। এ বিষয়ে প্রশাসক মহোদয় আব্দুল মতিনের নামে জমি লীজ বাতিলসহ রেকর্ড সংশোধনের মামলা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | | |
| খ) | বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন অনুমোদন ও মন্ত্রণালয়ে প্রেরণ। | প্রধান নির্বাহী কর্মকর্তা উপস্থাপন করেন স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৪৩ অনুযায়ী রংপুর সিটি কর্পোরেশনের ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনটি অনুমোদনপূর্বক সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ), সহকারী প্রোগ্রামার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/৯/২৫

মোঃ শহিদুল ইসলাম এনডিসি
প্রশাসক
রংপুর সিটি কর্পোরেশন।

স্মারক নং- ৪৬.১৮.০০০০.১০১.০২.০০১.২৫-১৬৬৮

তারিখঃ ০৩ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৮ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্র মানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সম্মানিত কাউন্সিলরবৃন্দ, রংপুর সিটি কর্পোরেশন।
৩। সচিব, রংপুর সিটি কর্পোরেশন।
৪। প্রধান সম্পত্তি কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৫। বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রংপুর।
৬। প্রধান রাজস্ব কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৭। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), রংপুর সিটি কর্পোরেশন।
৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা , রংপুর সিটি কর্পোরেশন।
১০। বিভাগীয় কমিশনার মহোদয়ের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর (বিভাগীয় কমিশনার ও প্রশাসক, রংপুর সিটি কর্পোরেশন মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১। নির্বাহী প্রকৌশলী, অ ঞ্চল. . . . . , রংপুর সিটি কর্পোরেশন।
১২। নগর পরিকল্পনাবিদ, রংপুর সিটি কর্পোরেশন।
১৩। সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), রংপুর সিটি কর্পোরেশন।
১৪। বস্তি উন্নয়ন কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
১৫। প্রশাসনিক কর্মকর্তা (চ:দা:) রংপুর সিটি কর্পোরেশন।
১৬। . . . . . . . . . . . . . . . . . . . . . . . . , রংপুর সিটি কর্পোরেশন।
১৭। শাখা প্রধান (সকল) রংপুর সিটি কর্পোরেশন।
১৮। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশর (ওয়েব সাইটে আপলোড করার জন্য নি প্রদান করা হলো)।
১৯। অফিস নথি।

১৮/৯/২৫

উম্মে ফাতিমা
(উপসচিব)
পরিচিতি নং- ১৬৬৭৮
প্রধান নির্বাহী কর্মকর্তা
রংপুর সিটি কর্পোরেশন
ই-মেইলঃ ceo@rpcc.gov.bd.